# সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারনা

| ক্রমিক নং | উদ্যোগের নাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবকের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | শাখা/অধিশাখা ভিত্তিক প্রেরিত পত্রের ডাটাবেজ তৈরি | শাখা/অধিশাখা হতে অনেক ক্ষেত্রে কিছু কিছু পত্রাদি প্রেরণ করা হয় যার কার্যক্রম/অগ্রগতি দীর্ঘদিন যাবত মনিটরিং করার প্রয়োজন হয়। ফলে ডাটাবেজের মাধ্যমে পত্রাদির সংরক্ষণ করতে পারলে কার্যক্রম নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অটোমেশন পদ্ধতিতে অগ্রগতি সম্পর্কে তথ্যাদি সহজে পাওয়া যাবে এবং মনিটরিং সহজতর হবে। | এতে কম সময়ে চাহিত তথ্যাদি সরবরাহ করাসহ গৃহীত কার্যক্রম সম্পর্কে ধারণা পাওয়া যাবে। | মোঃ মতিউল ইসলাম চৌধুরী, উপসচিব (রক্ষণাবেক্ষণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| ২ | ঈদে সড়ক মহাসড়কে সৃষ্ট যানজন নিরসনে বিআরটিএ-তে স্থাপিত কন্ট্রোল রুমের কার্যকারিতা বৃদ্ধিকরন | • যানজট হয় এরকম প্রতিটা ক্রিটিক্যাল পয়েন্ট/স্থান চিহ্নিত করা হবে<br>• ক্রিটিক্যাল পয়েন্ট/স্থান চিহ্নিত করার পাশাপাশি ক্রিটিক্যাল ট্র্যাফিক স্ট্র্যাচ বা দৈর্ঘের ব্যাপ্তি চিহ্নিত করা হবে<br>• প্রতিটি ক্রিটিক্যাল পয়েন্ট/স্থান এবং ক্রিটিক্যাল ট্রাফিক স্ট্র্যাচে উচ্চ কার্যসম্পাদনে সক্ষম মনিটরিং ক্যামেরা স্থাপন করা হবে। এর পাশাপাশি হাই ব্যান্ডউইথ ইন্টারনেট নিশ্চিত করতে হবে যাতে নিয়ন্ত্রণ কক্ষে বসে প্রতিটি স্পটের ভিডিও দেখা যায়<br>• সঠিক সময়ে সঠিক তথ্য এবং তদানুযায়ী চটজলদি ব্যবস্থা গ্রহণের জন্য ঈদকালীন স্বেচ্ছাসেবক নিয়োগ করা<br>• নিয়ন্ত্রণ কক্ষের প্রতিবেদনের একটি কার্যকর টেমপ্লেট প্রণয়ন যাতে নিম্নলিখিত বৈশিষ্টগুলো থাকতে পারে: | ঈদে সড়ক মহাসড়কে সৃষ্ট যানজন নিরসনে বিআরটিএ-তে কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। কিন্তু, কন্ট্রোল রুমের গতানুগতিক প্রতিবেদন এ কিছুটা পরিবর্তন করা হলে উহা পরবর্তীতে সঠিক দিকনির্দেশনা এবং কর্মকৌশল তৈরিতে কার্যকর ভূমিকা রাখতে পারে। এছাড়া কন্ট্রোল রুমে বসে অনেকসময় প্রয়োজনের সময় দ্রুত সঠিক তথ্য পাওয়া সম্ভব হয়না অথবা সংশ্লিষ্ট ব্যাক্তি/প্রতিষ্ঠানকে দ্রুত চিহ্নিত করে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা যায়না। ইদানিং দেখা যায়, নিয়ন্ত্রণ কক্ষ থেকে যোগাযোগ করা চেষ্টা করা হলেও সংশ্লিষ্টদের পাওয়া যায়না অথবা পাওয়া গেলেও তথ্য এবং ঘটনার স্থান/কালের অসামঞ্জস্য পরিলক্ষিত হয়। এর ফলে, ত্রান্তিলগ্নে দ্রুত এবং সঠিক ব্যবস্থা গ্রহণ করা যায়না | যুগ্ম-প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>ও<br>সিনিয়র সহকারী প্রধান, বৈদেশিক সহায়তা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |

# সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারনা

| ক্রমিক নং | উদ্যোগের নাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবকের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| | | ক. ক্রিটিক্যাল স্পট/স্ট্র্যাচ রিপোর্ট, দূর্ঘটনা রিপোর্ট, অধিকভাড়া আদায় রিপোর্ট এবং সাধারণ রিপোর্ট এর জন্য আলাদা সেকশন থাকবে<br>খ. ক্রিটিক্যাল স্পট/স্ট্র্যাচ-এর নামগুলো প্রতিবেদনে আগে থাকেই মুদ্রিত থাকবে<br><br>গ. প্রতিটি . ক্রিটিক্যাল স্পট/স্ট্র্যাচ-এর নামের বিপরীতে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা এবং স্বেচ্ছাসেবকদের নাম, পদবী ও মোবাইল নম্বর আগে থেকেই মুদ্রিত থাকবে যাতে প্রয়োজনের সময় বারবার যোগাযোগ ঠিকানা এবং ফোন নম্বর খুঁজতে না হয়।<br><br>ঘ. প্রতিবেদনে পলিসি এডভাইজ নামে একটি সেকশন থাকবে<br><br>ঙ. ট্রাফিক দূর্ঘটনা সেকশনে দূর্ঘটনার বিভিন্ন প্যারামিটারের শিরোনাম এবং প্রয়োজনীয় তথ্যের চেক বক্স আগে থেকেই মুদ্রিত থাকবে (সময়, ধরন, যানবাহনের টাইপ, ক্ষতির পরিমাণ, ক্যাজুয়ালটি, হসপিটালাইজেশন ইত্যাদি) | | |
| ৩ | ডোনার ফান্ডেড প্রকল্প এবং পিপিপি প্রকল্প ব্যবস্থাপনা সফটওয়্যার এবং ডাটাবেইজ প্রণয়ন | • বৈদেশিক সহায়তা শাখার সকল প্রকল্প এবং পিপিপি প্রকল্পসমূহের যাবতীয় তথ্য ধারন করার জন্য ডাটাবেইজ/সফটওয়্যার তৈরি করা হবে<br>• অনুসন্ধানের মাধ্যমে ডোনার ওয়াইজ প্রকল্পের তালিকা এবং অন্যান্য যাবতীয় তথ্য পাওয়ার ব্যবস্থা থাকবে<br>• অনুসন্ধানের মাধ্যমে পিপিপি প্রকল্পের যাবতীয় তথ্য পাওয়ার ব্যবস্থা থাকবে | এ বিভাগের বৈদেশিক সহায়তা শাখায় বৈদেশিক সহায়তায় বাস্তবায়নাধীন প্রায় ৩০ টি প্রকল্প/কার্যক্রম রয়েছে। এ প্রকল্পগুলোর বেশিরভাগ কারিগরিভাবে জটিল, গুরুত্বপূর্ণ অথবা মেগা প্রকল্প। এছাড়া আরো অনেক নতুন প্রকল্প বৈদেশিক সহায়তায় বাস্তবায়নের জন্য পরিকল্পনাধীন অথবা পাইপ লাইনে রয়েছে। এ বিভাগের বিভিন্ন প্রকল্প এবং কার্যক্রমে এডিবি, জাইকা, বিশ্বব্যাংকসহ প্রায় ১০ টি দাতাসংস্থা সহায়তা প্রদান করে আসছ দাতা সংস্থার | সিনিয়র সহকারী প্রধান, বৈদেশিক সহায়তা শাখা<br>[signature] ৩০.০৮.১৮ |

মোহাম্মদ ফারুক হোসেন
উপ-সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারনা

| ক্রমিক নং | উদ্যোগের নাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবকের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| | | • তথ্যসমূহ প্রতিবেদন আকারে পাওয়ার ব্যবস্থা থাকবে<br>• প্রতিবেদনে সাধারন বর্ণানমুলক তথ্য, আর্থিক তথ্য, কোয়ান্টিফিএবল তথ্য ইত্যাদি পাওয়ার ব্যবস্থা থাকবে এবং তথ্যসমূহ গ্রাফিক্যাল এবং টেব্যুলার ফরম্যাটে দেখানোর এবং প্রিন্টের ব্যবস্থা থাকবে<br>• সময়ের সাথে অর্থ ব্যয়ের অনুপাত, অব্যয়িত অর্থ, প্যাকেজ ওয়াইজ অগ্রগতির তথ্য ইত্যাদি ওয়ান ক্লিক এর মাধ্যমের গ্রাফিক্যাল উপস্থাপনা সহ পাওয়ার ব্যবস্থা থাকবে | সহায়তায় নেয়া প্রকল্পগুলোতে গতানুগতিক প্রকল্প ব্যবস্থার পাশাপাশি ঋন ব্যবস্থাপনা, চুক্তি নবায়ন, অতিরিক্ত অর্থের প্রস্তাব প্রস্তাব, দাতা সংস্থা কর্তৃক পরিচালিত বিভিন্ন মিশন, ফ্যাক্ট ফাইন্ডিং এর মাধ্যমে বিনিয়োগের সুযোগ যাচাই, যৌথ সহায়তা ইত্যাদি নানা ধরনের কার্যক্রম থাকে।<br><br>বৈদেশিক সহায়তায় বাস্তবায়নাধীন প্রকল্পগুলো যথাযথভাবে বাস্তবায়ন, দাপ্তরিক কার্যক্রমে সময়ের অপচয় রোধ, প্রয়োজনের সময় দ্রুত এবং সঠিক তথ্য সরবরাহ, ইআরডি/আইএমইডির জন্য প্রতিবেদন তৈরি এবং তথ্য সরবরাহ, প্রকল্প মেয়াদ এবং লোন চুক্তির মেয়াদ সামঞ্জস্যকরণ ইত্যাদি কাজে একটি তথ্যভান্ডার এবং সফটওয়্যার অত্যন্ত প্রয়োজন।<br><br>পিপিপি প্রকল্পগুলোও গতানুগতিক প্রকল্প থেকে আলাদা, কারিগরিভাবে জটিল এবং মেগা প্রকৃতির। এ প্রকল্পগুলোতে ইনডিপেনডেন্ট ইঞ্জিনিয়ারের সংস্থান, কনসেশনারী চুক্তি, এসপভি ইত্যাদি বিভিন্ন বিষয় সংশ্লিষ্ট থাকে।<br><br>পিপিপি প্রকল্পগুলোর যাবতীয় তথ্য ধারন এবং বিশ্লেষণের সংস্থান উল্লিখিত সফটওয়্যার এবং ডাটাবেইজের মাধ্যমে করা হবে | ৩০.০৮.২৪ |

মাহাম্মদ ফারুক হোসেন
উপ-সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারনা

| ক্রমিক নং | উদ্যোগের নাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবকের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| ৪ | সড়ক পরিদর্শনের জন্য মনিটরিং টুলস এবং গাইড প্রণয়ন | • সড়ক/মহাসড়ক এবং এতে বিদ্যমান ব্রীজ/কালভার্ট ইত্যাদি পরিদর্শনের নিমিত্ত একটি মনিটরিং টুলস এবং গাইড প্রণয়ন<br>• এ মনিটরিং টুলস এবং গাইড-এ সড়ক কিংবা সড়কে বিদ্যমান অন্যন্যা স্থাপনার বিভিন্ন উপাদানের আদর্শ পরিমাপ, অনুপাত ইত্যাদি থাকবে। আদর্শ পরিমাপ, অনুপাত অনুযায়ী বিদ্যমান উপকরণের পরিমাণ কতটুকু আছে তার চেক লিস্ট থাকবে।<br>• মেজর/মাইনর পিএমপি কাজ চলাকালীন আদর্শ পরিমাপ/অনুপাত অনুযায়ী উপকরন ব্যবহার করা হচ্ছে কিনা সেটিও উল্লিখিত চেক লিস্টের মাধ্যমে যাচাই করা যাবে<br>• সড়ক পরিদর্শনের জন্য সড়কের আদর্শ অবস্থা জানার জন্য কিংবা আদর্শ অবস্থার বিপরীতে বিদ্যমান অবস্থা যাচাইয়ের সবগুলো প্যারামিটার প্রস্তাবিত মনিটরিং টুলস এবং গাইডলাইনে থাকবে<br>• পরিদর্শন টুলস এবং গাইড লাইনে সড়ক/মহাসড়ক, ব্রীজ, কালর্ভাট এবং অন্যান্য স্থাপনার পরিদর্শন রিপোর্ট প্রণয়নের জন্য স্ট্যান্ডার্ড ট্যামপ্লেট থাকবে<br>• পরিদর্শন টুলস এবং গাইড লাইনে নন-ট্যাকনিকেল কর্মকর্তাদের জন্য একটি প্রশিক্ষণ গাইডলাইন এবং মডিউ্যল অন্তর্ভুক্ত থাকবে | এ বিভাগ এবং সওজ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে সড়ক পরিদর্শনের জন্য ২৪ টি মনিটরিং টীম গঠন করা হয়েছে। সমগ্র বাংলাদেশকে ২৪ টি অঞ্চল/ইউনিটে বিভক্ত করে এ ২৪ টি টীমের মাধ্যমে পরিদর্শন করা হয়ে থাকে। পরিদর্শন শেষে একটি পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করা হয় এবং সে অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহন করা হয়। বর্তমান পরিদর্শন প্রতিবেদনটি গতানুগতিক বর্ণনামূলক হয় এবং বিভিন্ন পরিদর্শন টীমের প্রতিবেদনের ফরম্যাটে ভিন্নতা দেখা যায়। কিন্তু, এতদ পরিদর্শন প্রতিবেদন একটি অভিন্ন ফরম্যাটে প্রণয়ন করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়। এতে বিভিন্ন সড়কের অবস্থা বা সমস্যার একটি তুলনামূলক চিত্র পাওয়া যায় এবং সে মোতাবেক রাস্তা মেরামত, সংস্কার কিংবা নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা যাবে। এছাড়া নির্দিষ্ট সড়কাংশের পরিদর্শিত অবস্থার কারিগরিভাবে প্রকৃত চিত্র পাওয়া সম্ভব হবে। | যুগ্ম-প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>ও<br>সিনিয়র সহকারী প্রধান, বৈদেশিক সহায়তা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ৫ | মহাসড়ক সংলগ্ন বাজার এলাকার | • মহাসড়ক সংলগ্ন বাজার এলাকার সড়কাংশটুকুর | মহাসড়ক সংলগ্ন বাজার এলাকার সড়কাংশের অভ্যন্তরে | যুগ্ম-প্রধান, সড়ক পরিবহন ও |

০৮.০৮.২৪

মোহাম্মদ ফারুক হোসেন
উপ-সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারনা

| ক্রমিক নং | উদ্যোগের নাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবকের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| | সড়কাংশে longitudinal slope তৈরি | জ্যামিতিক নকশায় longitudinal ভাবে slope থাকবে।<br>• এতে রাস্তার মাঝ বরাবর পানি জমে থাকবেনা কারন তা লম্বালম্বিভাবে বন্টন হয়ে যাবে। কিঞ্চিৎ পরিমান পানি রাস্তার দু'পাশে গড়িয়ে গেলেও তা পাইপ বা নালার মাধ্যমে সরানোর ব্যবস্থা করা যাবে<br>• এতে রাস্তার স্থায়িত্ব এবং বাজার এলাকায় দূর্ভোগ অনেকাংশে কমে যাবে<br>• উল্লেখ্য যে এরুপ নকশার মাধ্যমে রাস্তা তৈরির খরচ খুব একটা বাড়বেনা কারন longitudinal ভাবে slope তৈরির জন্য শুধু মাত্র মাটির পরিমান বাড়বে। রাস্তায় অন্যান্য লেয়ারে উপকরনের পরিমান অপরিবর্তিত থাকবে। | এবং পার্শ্বে পানি জমে থাকায় সড়কের স্থায়িত্ব কমে যায় এবং বাজার এলাকায় মানুষের চলাচলে বিঘ্ন ঘটে। এছাড়া সরকারি অর্থ এবং সম্পদের অপচয় হয়। তাই বাজার সংলগ্ন এলাকায় রাস্তার জ্যামিতিক নকশা এরকমভাবে করা উচিৎ যাতে রাস্তার পানি সরে যায় এবং রাস্তার পাশে পানি জমে না থাকে। | মহাসড়ক বিভাগ |
| ৬ | সভা চলাকালীন কার্যবিবরণী প্রস্তুত ও বন্টনের মাধ্যমে সরকারী কাজে ও সিদ্ধান্ত বাস্তবায়নে সময়ের অপচয় কমানো | • সভার কার্যবিবরণীর জন্য একটি স্ট্যান্ডার্ড ট্যামপ্লেট প্রণয়ন<br>• চটজলদি সভার কার্যবিবরণী লেখার সুবিদার্থে ট্যামপ্লেট-এ পূর্ব হতে পূরণকৃত কিছু সেকশন থাকবে<br>• প্রয়োজনীয় নতুন এবং পরিবর্তিত তথ্যগুলো সভাকালীন সময়ে মুদ্রন করা হবে<br>• সভা শেষ হওয়ার সাথে সভাপতির নিকট খসড়া কার্যবিবরণী সরবরাহ করা হবে<br>• কার্যবিবরণীতে বির্ধৃত সিদ্ধান্ত এর উপর সবাই একমত পোষণ করলে কার্যবিবরণী চূড়ান্তপূর্বক উপস্থিত অংশগ্রহণকারীদের ই-মেইলে প্রেরণ করা হবে<br>• ট্যামপ্লেট-এ পূর্ব হতে পূরণকৃত তথ্যসমূহ প্রকল্প/কার্যক্রমের সাধারণ তথ্য, সভা অনুষ্ঠানের | সরকারী অফিসে অনুষ্ঠিত বিভিন্ন সভার কার্যবিবরণী প্রস্তুত এবং বন্টনে সাধারণত গড়ে ০৩-০৭ কার্যদিবস সময় বাধা থাকলেও প্রয়োজনীয় জনবল এবং লজিস্টকের অভাব, গতানুগতিক পদ্ধতিতে কার্যবিবরণী লিখন এবং বন্টন এবং সংশ্লিষ্ট ডেস্কে পৌঁছাতে ১৫-২০ দিন সময় লেগে যায়। এতে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অনেক দীর্ঘসূত্রিতায় শুরু হয় এবং কাজের প্রকৃত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন বাধাগ্রস্থ হয়। বিশেষ করে যেখানে বৈদেশিক দাতা সংস্থা সংশ্লিষ্ট থাকে সেখানে অনেক সময় চুক্তি সম্পাদন কিংবা ঋণের মেয়াদ বৃদ্ধি প্রস্তাবনার সময় অতিবাহিত হয়ে যায়। এর ফলে সরকারের বিভিন্ন কার্যক্রম এবং প্রকল্পসমূহের অগ্রগতি বাধাগ্রস্থ হয়। সরকারী কাজে সময়ের অপচয় অবশ্যই রোধ করতে হবে। সভার দিনেই কার্যবিবরণী প্রস্তুত এবং বন্টন সরকারী কাজের গতিকে অনেকাংশে বেগবান করবে এবং দ্রুত সিদ্ধান্ত বাস্তবায়নের মাধ্যমে কার্যক্রমসমূহের আশানুরুপ | গত ইনোভেশন প্রশিক্ষণে এ বিভাগ হতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দ |

৩০.০৮.১৮

মোহাম্মদ ফারুক হোসেন
উপ-সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারনা

| ক্রমিক নং | উদ্যোগের নাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবকের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| | | কারণ, সভার এজেন্ডা ইত্যাদি মদ্রিত থাকবে<br>• ট্যামপ্লেট-এ তথ্য সন্নিবেশ করার ক্ষেত্রে বর্ণনামূলক তথ্যের চেয়ে স্ট্রাকচারাল তথ্য বেশি থাকবে। এতে সভার মূল আলোচনার উদ্দেশ্য ব্যত্যয় হবেনা। | অগ্রগতি সাধন হবে। পৃথিবীর অনেক দেশেই অফিসিয়াল কাজের সকল স্তরে ট্যামপ্ল্যাট ভিত্তিক কার্যসম্পাদন হয়ে থাকে। | |
| ৭ | ইন্টেলিজেন্ট রোড মনিটরিং সিস্টেম | মহাসড়ক উন্নয়ন ও রক্ষনাবেক্ষন কার্যক্রম পরিবীক্ষনের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে ২৫টি স্থায়ী মনিটরিং টিম রয়েছে। এ সকল টিমের পরিদর্শন মতামত সমুহকে কার্যকরিভাবে ব্যবহারের জন্য এবং মহাসড়ক ও সেতু সমূহের সকল কার্যক্রমকে পরিমাপযোগ্য ইউনিটে নিয়ে এসে সিস্টেমের বুদ্ধিমত্তাকে ব্যবহার করে আধুনিক ও উন্নত পরিবীক্ষন ব্যবস্থা চালুকরন। এতে করে কোন রাস্তা অথবা প্রকল্পের কাজের তথ্য এবং সে প্রেক্ষিতে পরিদর্শন মতামত/ নির্দেশনার সময়ভিত্তিক তুলনামুলক চিত্র পাওয়া যাবে। জরুরী/অতি জরুরী ... ইত্যাদি অনুরূপ স্তরভিত্তিক নির্দেশনা প্রদান এবং নির্দেশনার প্রেক্ষিতে গৃহিত ব্যবস্থার সময়ভিত্তিক চিত্র পাওয়া যাবে। উর্দ্ধতন কর্তৃপক্ষ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন নির্দিষ্ট রাস্তা বা প্রকল্পের যেকোন সময়ের পরিদর্শন মন্তব্য এবং তার প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা অনলাইনে এবং মোবাইলে জানতে পারবেন। সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে ড্যাশবোর্ডের মাধ্যমে স্তরভিত্তিক নির্দেশনার হালনাগাদ তথ্য সহজবোধ্য গ্রাফিক্যালি প্রকাশ করতে পারবে। | বর্তমানে পরিদর্শন প্রতিবেদনসমুহ হার্ডকপি হওয়ায় এর পুনঃব্যবহার সময়সাপেক্ষ।এ সিস্টেমে প্রকল্প এবং রাস্তার কার্যক্রম পরিমাপযোগ্য ইউনিটের মাধ্যমে ডাটাবেজে সংরক্ষন করা হবে বিধায় রিপোর্ট জেনারেশন এবং পুনঃব্যবহার অনেক সহজ হয়ে যাবে। | এস, এম, সহিদ<br>সিস্টেম এনালিস্ট<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ৮ | অফিস সময় অপচয় রোধ | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/কর্তৃপক্ষ হতে ইস্যুকৃত সরকারী পত্রের অনুলিপিতে প্রয়োজনীয় নির্দেশনা থাকা। | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/কর্তৃপক্ষ হতে ইস্যুকৃত সরকারী পত্রের অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়ে থাকে । অনেক ক্ষেত্রে উক্ত অনুলিপি নথিতে উপস্থাপন করা হয়। অনুমোদনের প্রেক্ষিতে অধিকাংশ ক্ষেত্রে পত্রও জারী করা হয়। এতে সরকারী | মোঃ জসিম উদ্দিন<br>প্রশাসনিক কর্মকর্তা<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |

৩০.০৮.১৮

মোহাম্মদ ফারুক হোসেন
উপ-সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারনা

| ক্রমিক নং | উদ্যোগের নাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবকের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| | | | কাগজ, কালি এবং মূল্যবান সময় অপচয় হয়।এ ক্ষেত্রে পত্রের উপর নির্দেশনা থাকলে উক্ত নির্দেশনার আলোকে শাখা কর্মকর্তা কর্তৃক সরাসরি পত্র জারী করতে পারেন। | |
| ৯ | নিজ দপ্তরের শৃংখলা | সরকারি নিয়ম-নীতি বিধি-বিধান অনুযায়ী স্বীয় দপ্তরের সেবায় শৃংখলার সাথে কার্যক্রম গ্রহণ করা হয় | বাংলাদেশ সচিবালয়ের নির্দেশকা ২০১৪ অনুযায়ী কার্যক্রম করা হয়ে থাকে স্বীয় দপ্তর সংশ্লিষ্ট কার্যক্রম বন্টন অনুযায়ী গ্রহণ করার যৌক্তিকতা রয়েছে। | খোন্দকার মোঃ আবু জাফর<br>প্রশাসনিক কর্মকর্তা<br>বিআরটিসি অধিশাখা |
| ১০ | অফিসিয়াল শৃংখলাবোধ | সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের সরকারি বিধি-বিধান অনুসরণ করা যথাঃ ঠিক সময়ে কর্মস্থলে উপস্থিতি, মার্জিত পোষাক-পরিচ্ছদ পরিধান করা ইত্যাদি। | অফিসিয়াল শৃংখলা বজায় রাখা | বিনা রানী দাস<br>ব্যক্তিগত কর্মকর্তা,<br>অতিরিক্ত সচিব অনুবিভাগ। |
| ১১ | পরিস্কার-পরিচ্ছন্নতা এবং দায়িত্ববোধ জাগ্রতকরণ। | যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি, পরিস্কার-পরিচ্ছন্ন, গোছালোভাবে কাজ করা ও কর্মস্থল ত্যাগের পূর্বে কক্ষের সকল বৈদ্যুতিক সংযোগসমূহ বন্ধ করে যাওয়া ইত্যাদি বিষয়ে নিজেদের সচেতনতা ও সেবাগ্রহীতাকেও ডিজিটাল পদ্ধতিতে (অর্থাৎ ই-নথি বা ই-পত্রের মাধ্যমে উৎসাহিত করা। | দুর্ঘটনা রোধ ও স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তোলা। | জাহানারা খাতুন,<br>ব্যক্তিগত কর্মকর্তা,<br>প্রশাসন অনুবিভাগ। |
| ১২ | ডিজিটাল টাইম | যেকোন মিটিং/সেমিনার বা অধিদপ্তরে কোন পত্র প্রেরণের জবাব পাওয়ার তারিখ ও সময় মনে রাখার প্রয়োজন নেই। ডিজিটাল টাইম আপনাকে স্বরণ করিয়ে দেবে কোন তারিখে বা সময়ে উত্তর দেওয়ার কথা ছিল বা মিটিং বা সেমিনার ছিল। ই-মেইল বা মোবাইল ফোনে বেল বাজিয়ে/নোটিফিকেশনের মাধ্যমে স্বরণ করিয়ে দিবে। | অনেক সময় মিটিং/সেমিনার বা কোন পত্রের জবাব প্রেরণের তারিখ ও সময়ে মনে থাকে না। সেই সময় ই-মেইল বা মোবাইল ফোনে বেল বাজিয়ে/ নোটিফিকেশনের মাধ্যমে স্বরণ করিয়ে দিবে। | মোঃ মোজাহার উল আলম<br>ব্যক্তিগত কর্মকর্তা<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ১৩ | অফিসিয়াল কাজে গোপনীয়তা রক্ষা ও দায়িত্ববোধ। | সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের সরকারি বিধি-বিধান অনুসরণ করতঃ সকল দাপ্তরিক কাজে গোপনীয়তা রক্ষা ও নিয়ম-নীতি অনুসরণপূর্বক সঠিকভাবে দায়িত্ব পালন করা এবং অন্যকেও তাদের উপর ন্যাস্তকৃত দায়িত্ব যথাযথভাবে পালনে উৎসাহিত করা। | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসরণ করা। | নাসরিন খানম<br>ব্যক্তিগত কর্মকর্তা,<br>পরিকল্পনা অনুবিভাগ। |
| ১৪ | ই-নথির মাধ্যমে সেবাগ্রহীতাকে | শৃঙ্খলা, অডিট, পেনশন, ডিপিপি অনুমোদন, প্রকল্পের অর্থ | সেবাগ্রহীতা এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের | মোঃ আয়নুল হক |

৩০.০৮.১৮

মোহাম্মদ ফারুক হোসেন
উপ-সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারনা

| ক্রমিক নং | উদ্যোগের নাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা | উদ্ভাবকের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| | পত্র সংশ্লিষ্ট বার্তা প্রদান। | ছাড় ইত্যাদি বিষয়ে ই-নথিতে পত্র জারির সময় ম্যাসেজ অপশনে সেবাগ্রহীতার মোবাইল নম্বরসহ সংক্ষিপ্ত বার্তা জুড়ে দেয়া। | মধ্যে স্বচ্ছতা আনয়ন। | প্রশাসনিক কর্মকর্তা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |

৩০.০৮.২৪

মোহাম্মদ ফারুক হোসেন
উপ-সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার